মেহেরপুর হিজুলীতে জমি নিয়ে বিরোধ, পনের দিন গৃহবন্দী একটি পরিবার

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলী গ্রামে জমি নিয়ে বিরোধকে কেন্দ্র করে গৃহবন্দী করে রাখা হয়েছে একটি পরিবারকে।

গ্রামবাসী সুত্রে ও ঘটনাস্থল পরিদর্শন শেষে জানা যায়, গত দুই সপ্তাহ যাবৎ হিজুলী গ্রামের মরহুম খবির মালিথার ছেলে সবজান আলীর বসত বাড়ীর চারিদিকে বাঁশের বেড়া ও বিভিন্ন কাটা দিয়ে ঘিরে বাড়ি থেকে বের হওয়ার পথ অবরুদ্ধ করে রেখেছে সবজানের সহোদর পাঁচ ভাই।

পিতার জমির অংশের সকলেই দশ শতক করে ভাগ পেলেও সবজানের অংশে বার শতক জমি আছে বলে দাবী ভাইদের । অতিরিক্ত দুই শতক জায়গা ফেরৎ পাওয়ার জন্য পাঁচ ভাই মিলে তাদের জমির সীমানায় বাঁশের বেড়া ও বিভিন্ন কাটা দিয়ে ঘিরে বাড়ি থেকে বের হওয়ার একমাত্র পথটি অবরুদ্ধ করে দিয়েছে।

সবজান আলীর কলেজ পড়–য়া মেয়ে মরিয়ম খাতুন বলেন, এভাবে যাতায়াতের পথ অবরুদ্ধ করে রাখার কারণে আমরা কেউই বাড়ি থেকে বের হতে পারছিনা, এমনকি আমি আমার ২য় বর্ষের টেষ্ট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারিনি।

শবজানের স্ত্রী বলেন, শ্বশুরের জমির অংশ রাস্তার জন্য সকলেই আট হাত বাদ রেখে দশ শতক করে ভাগ পেয়েছি। শ্বশুরের দান করা অতিরিক্ত দুই শতক জমি আমাদের নামে রেজিষ্ট্রি আছে। কিন্তু ঐ দুই শতক জমি আছে রমজান ও নিয়াজের জমির অংশে। তারা জোর পূর্বক ঐ দুই শতক জমি আমাদের কাছ থেকে দখল রেজিষ্ট্রি নিতে চাই।

আমরা জমি দিতে না চাইলে সবাই মিলে ষড়যন্ত্র করে আমাদের চলাচলের পথটি আটকিয়ে দেয়। চলাচলের একমাত্র পথটি অবরুদ্ধ করায় গরু, ছাগল, হাঁস মুরগী নিয়ে আমরা কষ্টের মধ্যে দিন কাটাচ্ছি।
সবজান আলীর লিখিত অভিযোগে জানা যায়, সবজানের পিতা মরহুম খবির মালিথা তাকে বসত বাড়ীর একটি জমি দান করে গেছেন।

প্রায় ৩০ বছরের বেশি সবজান আলী তার ঐ জমিতে বসবাস করে আসছে।

কিন্তু হঠাৎ করে সবজানের ৫ ভাই নিহাজ আলী, বাবুর আলী, রমজান আলী, কামাল হোসেন ও জামাল হোসেন তার বাড়ীর সামনে চলাচলের রাস্তায় বাঁশের চটা ও বিভিন্ন কাটা জাতীয় ডালপালা দিয়ে রাস্তা বন্ধ করে দিয়ে অবরুদ্ধ করে রেখেছে। বর্তমানে তার বাড়ীর গরু ছাগল বের করা সহ তার পরিবারের সদস্যদের চলাচলের পথ সম্পূর্ন বন্ধ হয়ে আছে।

এ বিষয়ে তিনি মেহেরপুর জেলা নির্বাহী ম্যাজেষ্ট্রেট আদালতে পাঁচ ভাইকে অভিযুক্ত করে একটি মামলা দায়ের করেন। মামলা নম্বর ৩৪৬/১৯ তারিখ ০১/১২/১৯ । রক্তক্ষয়ী সংঘর্ষ এড়াতে স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপ প্রয়োজন বলে মনে করছে গ্রামবাসী।

- বারাদী প্রতিনিধি

মেহেরপুরে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রি শুরু

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে টিসিবির সহযোগীতায় ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে জেলা প্রশাসক মো: আতাউল গনি পেঁয়াজ বিক্রি কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান উপস্থিত ছিলেন।

এসময় জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, অসাধু ব্যবসায়ীদের খপ্পড়ে পড়ে পেঁয়াজের দাম বেড়েই চলেছে। আমরা সরকারি ভাবে টিসিবির মাধ্যমে ৪৫ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির উদ্যোগ গ্রহণ করেছি। ১ম দফায় ১০ মেট্রিক টন পেঁয়াজ আনা হয়েছে। পরবর্তিতে আরো পেয়াজ আনা হবে।

ক্রেতাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা শান্ত সুষ্ঠভাবে পেঁয়াজ কিনবেন। কেউ নিজের কাজ ফেলে পেঁয়াজ কিনতে আসবেন না। কাজ সেরে ধীরে সুস্থে আসবেন। আপনারা সকলেই এখান থেকে পেঁয়াজ কিনতে পারবেন।

কেউ একবারে বেশি পেয়াজও কিনবেন না।

তিনি আরো বলেন, মেহেরপুরে যে সকল টিসিবির ডিলার আছেন । তারা পেঁয়াজ আনতে আগ্রহ প্রকাশ না করায় তাদের লাইসেন্স বাতিলের ব্যবস্থা করা হয়েছে। একই সাথে অসাধু ব্যবসায়ীদের আইনের আওতায় এনে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

- এস এ সাদিক খান, মেহেরপুর

নারী ও শিশু অধিকার ফোরামের কুষ্টিয়া জেলা শাখা কমিটি অনুমোদন

নারী ও শিশুদের অধিকার নিয়ে কাজ করে আসা দেশের বৃহৎ সামাজিক সংগঠন নারী ও শিশু অধিকার ফোরামের কুষ্টিয়া জেলা শাখার কমিটি গঠিত হয়েছে।

গতকাল সোমবার কেন্দ্রীয় কমিটির আহবায়ক সেলিমা রহমান ও সদস্য সচিব এ্যাড. নিপুন রায় চৌধুরীর সাক্ষরিত ৭৮ সদস্য বিশিষ্ট কমিটি উনুমোদিত হয়েছে।

সংগঠনের সভাপতি হিসাবে দায়িত্ব পেয়েছেন দৈনিক হাওয়া পত্রিকার সম্পাদক ও আমাদের কণ্ঠের কুষ্টিয়া জেলা প্রতিনিধি আব্দুর রাজ্জাক বাচ্চু, সিনিয়ার সহ সভাপতি অ্যাড. হাফিজুর রহমান মনির, সহ-সভাপতি অ্যাড. শাতিল মাহমুদ, জয়নাল আবেদিন প্রধান, শাহানা বেগম শাপলা, অধ্যাপক আকমল হোসেন, মনিরুজ্জামান কাজল, আলেয়া বেগম, শিরিন রতন, অ্যাড. খাইরুল ইসলাম, রেজাউল করিম মাষ্টার, অ্যাড. বুলবুল আহমেদ।

সাধারণ সম্পাদক মোছা: ইন্দোনেশিয়া, সিনিয়র যুগ্ম সম্পাদক আশিক রেজা, যুগ্ম সম্পাদক ইসমোত জাহান পূনম, ফিরোজ আহমেদ তপন, আক্তারুজ্জামান সজল, রুনা রহমান, রজি খান, মোতাহার হোসেন, মারফত আলী, অ্যাড. নুরুল ইসলাম নুরুল, সাংগঠনিক সম্পাদক অ্যাড. ইকবাল হোসেন সহ সাংগঠনিক, ফেরদৌস সানি, অ্যাড. সৈয়দা শাহিনা,

কোষাধাক্ষ অ্যাড. রেজাউল করিম, সহ কোষাধাক্ষ অ্যাড. হাসান রাজ্জাব রাজু, জান্নাতুল, দপ্তর সম্পাদক এস এম আলআমিন,

সহ দপ্তর সম্পাদক অ্যাড. ইকবাল খান, নূরুন্নাহার শিল্পী, প্রচার সম্পাদক অ্যাড. আয়েশা সিদ্দিকী, সহ প্রচার সম্পাদক অ্যাড. সাবিনা সুলতানা শিল্পী, অ্যাড. তরিকুল ইসলাম, আইন সম্পাদক অ্যাড. আবুল হাশেম বাদশা, সহ আইন সম্পাদক অ্যাড. জমিরন, অ্যাড. আব্দুল মজিদ নির্বাহী সদস্য ডা. নেহেরুল হক, ডা. বজলুর রশিদ, সৈয়দা ফাহিমা বানু, আব্দুল হক, মহাসিন রেজা, সৈয়দ আমজাদ আলী, অ্যাড. শামিম-উল হাসান অপু, শহীদ সরকার মঙ্গল,

কে এম আলম টমে, হাফিজুর রহমান, কাজল মাজমাদার, অ্যাড. হাসিনা মাহমুদা সিদ্দীকা, অ্যাড. শামীমা আক্তার, অ্যাড. কাজল রেখা, রেহেলা খাতুন, ফাতেমা খাতুন, রিংকী খাতুন, শফিকুল ইসলাম শফিক, রিনা আক্তার, রেখা বেগম, নাহিদা আক্তার, নাসিমা খাতুন, বুলু খাতুন, পারভীন সুলতানা, সাজেদা পারভীন, শেহাবুল ইসলাম, রাশিদুল ইসলাম চমল, সাব্বির হাসান কল্লোল, অধ্যাপক হারুন-আর রশিদ,শারমিন আক্তার, সোহাগী পারভিন,

শামীম উদ্দীন, নুরুল আমিন বাবল, অ্যাড. আব্দুল হান্নান, আসাদুজ্জামান রুমন, মমিনুর রহমান মমিন, ইকবাল মোহাম্মাদ এডিন, মিলন খান, মাহাবুল আলম সহ মোট ৭৭ সদস্য বিশিষ্ট কমিটি অনুমদিক হয়েছে।

জেলা বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদক পর্দাধিকার বলে উক্ত কমিটির উপদেষ্টা হিসাবে দায়িত্বে থাকবেন বলেও কমিটিতে উল্লেখ করা হয়েছে।

নারী ও শিশু অধিকার ফোরাম সারাদেশে নারী ও শিশুদের অধিকার আদায়ের জন্য কাজ করে চলছে।
অনুমদিত কমিটি কুষ্টিয়াতে সকল অবহেলিত নারী ও শিশুদের পাশে থাকবেন বলে জানান নব নির্বাচিত সভাপতি ও সম্পাদক।

- কুষ্টিয়া প্রতিনিধি

রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজনের সাথে দৌলতপুরের এমপি’র সাক্ষাৎ

রেলমন্ত্রী অ্যাড. নুরুল ইসলাম সুজনের সাথে কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য জননেতা অ্যাড. আঃ কাঃ মঃ সরওয়ার জাহান বাদশাহ্ গতকাল রেল মন্ত্রনালয়ে সাক্ষাৎ করেন।

এ সময় তিনি ভারত-বাংলাদেশ মৈত্রী এক্সপ্রেস ট্রেন ভেড়ামারা স্টেশনে থামানোর দাবী করেন। সেই সাথে ঈশ^রদী থেকে সকাল ৭টায় রাজশাহীমুখী কমিউটার ট্রেন পোড়াদহ থেকে ছাড়ার এবং রাজশাহী থেকে পোড়াদহ স্টেশনে আসার দাবী করেন।

ভারত গমনেচ্ছু কুষ্টিয়া অঞ্চলের মানুষ মৈত্রী এক্সপ্রেসের স্টপেজ না থাকায় জনভোগান্তির সৃষ্টি হচ্ছে। একই সাথে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য কুষ্টিয়া অঞ্চলের রোগীদের দারুন কষ্ট করে সকাল ৭টার মধ্যে ঈশ^রদী রেল স্টেশনে যেতে হয়। সকালে পরিবহনের তেমন সুযোগ-সু্◌িবধা না থাকায় রোগী এবং তাদের স্বজনেরা সীমাহীন দূর্ভোগের শিকার হন প্রতিদিন।

বিষয়গুলো জননেতা অ্যাড. আঃ কাঃ মঃ সরওয়ার জাহান বাদশাহ্ এমপি হৃদয় দিয়ে অনুভব করেছেন এবং তা রেলমন্ত্রী অ্যাড. নুরুল ইসলাম সুজনের নিকট এর বাস্তবতা তুলে ধরেন। মন্ত্রী সবকথা শুনে ভেড়ামারা রেল স্টেশনে মৈত্রী এক্সপ্রেস থামবে এবং ঈশ^রদী থেকে নয় এখন থেকে পোড়াদহ রেল স্টেশনে সকাল ৭টায় ছাড়বে কমিউটার ট্রেন। একইভাবে সন্ধ্যা ৭টায় ফিরে আসবে পোড়াদহে।

এছাড়াও কমিউটার ট্রেন ভেড়ামারা ও মিরপুর ষ্টেশনে থামবে এই নির্দেশ প্রদান করেন রেলমন্ত্রী।
এ খবর কুষ্টিয়ায় ছড়িয়ে পড়লে ভেড়ামারা, পোড়াদহ, মিরপুর স্টেশনে মিষ্টি বিতরণ করে আনন্দমূখর জনগন।

তারা বলেন, দীর্ঘদিনের জনদুর্ভোগ লাঘবে জননেতা অ্যাড. আঃ কাঃ মঃ সরওয়ার জাহান বাদশাহ্ এমপি’র এই অবদান স্বর্ণাক্ষরে লেখা থাকবে এই অঞ্চলের সর্বস্তরের মানুষের হৃদয়ে।

- কুষ্টিয়া প্রতিনিধি

গাংনীতে উপজেলা আওয়ামী প্রজন্মলীগের পরিচিতিসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার আওয়ামী প্রজন্মলীগের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে গাংনী উপজেলা পরিষদের অডিটরিয়াম হলে এ পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিৎ থেকে বক্তব্য রাখেন সাবেক এমপি,জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের আহবায়ক নুরুল ইসলামের সভাপতিত্বে ও জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ এর সঞ্চালনায় আলোচনা সভা উদ্বোধন করেন জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের আহবায়ক মজিবুল হক জোয়ার্দার,

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা মুক্তিডেযাদ্ধা প্রজন্ম লীগের যুগ্ম আহবায়ক তরিকুল ইসলাম (রাজিব), বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু,

জেলা কৃষকলীগের সাধারন সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক শফি কামাল পলাশ, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, উপজেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের যুগ্ম

আহবায়ক রফিকুল ইসলাম প্রমুখ।

- গাংনী প্রতিনিধি

সৌদিতে বন্দি মেহেরপুরের ১৭ জন

ভাগ্যের চাকা ঘোরাতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার ১৭ জন শ্রমিক সৌদিতে পাড়ি জমায়। জমি জায়গা বিক্রি করে শেষ সম্বল টুকু আদম দালালের হাতে তুলে দিলেও কাজ না পেয়ে মানবেতর জীবন যাপন করছে ১৭ জন অসহায় শ্রমিক।

আদম দালালর খপ্পরে পড়ে প্রতারনার শিকার হয়ে অনাহারে অর্ধাহারে দিন পার করছে এই সব শ্রমিক।
এদের মধ্যে অনেককেই বাড়ি থেকে টাকা পাঠিয়ে বাড়ি ফেরত আনা হলেও বন্দি রয়েছে ১৭ জন। বন্দিদের ফিরিয়ে আনার জন্য আদম দালাল নাহিদের কাছে ধর্ণা দিলেও কোন লাভ হয়নি।

জানা গেছে, ক্লিনারের কথা বলে প্রতিজনের নিকট থেকে ৬ লাখ টাকা করে নিয়ে সৌদি আরবে পাঠিয়েছেন আদম দালাল নাহিদ। গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামের ইয়াছিন আলীর ছেলে নাহিদ।
নাহিদ বিভিন্নভাবে এলাকার সাধারণ মানুষকে ফুসলিয়ে ভুয়া ভিসায় সৌদিতে নিয়ে যায় বলে অভিযোগ উঠেছে। তার প্রতারণার শিকারে অনেকেই সর্ব শান্ত হয়েছে জানা গেছে।
প্রতারনার শিকার হওয়ার স্বজনদের কাছ থেকে জানা যায়, সৌদি আরবে যাওয়ার দশ দিন পর মোবাইল ফোনে খবর আসে তাদেরকে ইয়ারপোর্ট থেকে কেউ রিসিভ করতে আসেনি একদিন পর তারা নিজেরাই উদ্দেশ্য বিহীন ভাবে ইয়ারপোর্ট থেকে বেরিয়ে পড়ে।

পরে আদম দালাল তাদের ভূয়া কোম্পানির ভিসা দিয়েছে বলে জানতে পারে। যে কোম্পানির ভিসা দেওয়া হয়েছে সেই নামের নাকি কোন কোম্পানি সেখানে নেই। কোম্পানির কোন ঠিকানা বা কোন কাজ না পেয়ে গত দুই মাস যাবৎ অনাহারে অর্ধাহারে কোন রকম বেঁচে আছে

তারা।

আজ কাল করে ২মাস যাবৎ একটি ঘরের মধ্যে বন্দি করে রেখেছে কোন খাবার ও দেওয়া হচ্ছেনা। যারা সৌদিতে আটকা পড়ে আছে তারা হলো, গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামের জামাল হোসেনের ছেলে উজ্জল হোসেন, মহিরুদ্দিনের ছেলে ইলিয়াস হোসেন, আব্দুর রহমানের ছেলে টুকু, রশিদ শেখের ছেলে রুবেল হোসেন, কিয়ম মোল্লার ছেলে শফি, একই উপজেলার কালী গাংনী গ্রামের ইয়ার বক্সের ছেলে নিফাজ উদ্দিন, জামাল হোসেনের ছেলে কামরুল ইসলাম, চায়নার ছেলে সোহান, জফের আলীর ছেলে মাহবুল ইসলাম, মেহেরপুর সদরের বামুন পাড়ার মজিবর রহমানের ছেলে সুমন হোসেন, সুরাত আলীর ছেলে জাকিরুল ইসলাম, দৌওলতপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের জবেদ আলীর ছেলে জীবন আহমেদ, হজরত আলীর ছেলে এনামুল হক।

উজ্জল হোসেনের স্ত্রী সাগরিকা জানান, আমার পিতার নিকট থেকে জমি বন্দুক ও আমার মামার কাছ থেকে ধার নেওয়া ও আমার শ্বশুর জামাল হোসেন বিভিন্ন ব্যক্তির নিকট থেকে ধার করে সর্বমোট ৬ লক্ষ টাকা আদম দালাল নাহিদকে দিয়ে আমার স্বামীকে সৌদি আরবে পাঠানো হয়েছে।

কিন্তু তার স্বামী উজ্জল হোসেন সৌদি আরবে পৌছানোর মাত্র ১০ দিন পর মোবাইল ফোনে কান্নাকাটি ও অনাহার এবং কোম্পানি ভূয়া ও কোন কাজ না পাওয়ার বিষয়টি জানায়।

উজ্জল হোসেন মোবাইল ফোনে জানায়, তার এলাকার ৫জনসহ আরো বিভিন্ন এলাকার মোট ১৭জন গত দুই মাস ধরে অনাহারে অর্ধাহারে বন্দি জীবন যাপন করছে। বর্তমানে তিন বেলা খাবারও জুটছে না তাদের কপালে।

সে আরও বলেন, ধর্মচাকী গ্রামের আদম দালাল আবু তাহেরের অফিসের মাধ্যমে তারা সৌদি আরবে গিয়েছে।

এব্যাপারে অভিযুক্ত হিজলবাড়িয়া গ্রামের আদম দালাল নাহিদ জানান, আমি আমার গ্রামের ৫জনকে সৌদি আরবে পাঠিয়েছি, একটু সমস্যা হয়েছে তবে তাদের যে কাজ দেওয়া হয়েছে তারা সে কাজ করছে না তাই একটু অসুবিধা হয়েছে।

সৌদি আবরে বসবাসরত ইন্ডিয়ার দালাল বাদশা সে নাকি সৌদি আরব থেকে পালিয়ে গেছে যে কারণে বন্দি যুবকরা কাজ পায়নি এমন প্রশ্নের জবাবে আদম দালাল নাহিদ বলেন, তার মা মারা গেছে সে বাড়ীতে গেছে আগামীকাল

আবার সৌদি আরবে চলে আসবে। তখন কোন সমস্যা হবে না।
এ ব্যাপারে বিশ্বাস ট্রেড ইন্টারন্যাশনাল এর চেয়ারম্যান আবু তাহের মোবাইল ফোনে বলেন, আমি ১১২জনকে সৌদি আরবে পাঠিয়েছি তারা সকলেই কাজ পেয়েছে তবে এই ১৭জন জোট করে কাজ করছে না।

তারা যেহেতু টাকা দিয়েছে মাত্র তিন লক্ষ তাই তাদের ক্লিনারের কাজ দিতে পারছি না। তাছাড়া ক্লিনারের কাজ বন্ধ হয়ে গেছে। তবে ভুক্তগোগী টুকু তাহেরের সাথে মোবাইল ফোনে কথা বলার সময় জানায় সে ৬ লক্ষ টাকা দিয়েছে। তবে বেশী টাকা নিলে নাাহদ নিতে পারে আমি মাত্র তিন লক্ষ টাকা নিয়েছি।
এক পর্যায়ে তাহের আলী জানান, আমার সরকার অনুমোদিত লাইসেন্স আছে আমি চিটার না আমার লাইসেন্স নং- ১৩৭৪। মেহেরপুর জেলার আমারই শুধু লাইসেন্স আছে। ওরা যদি দেশে ফিরেও আসে তবে আমি দরকার হলে টাকা ফেরত দেব।

এবিষয়ে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, প্রবাশীদের সমস্যার সমাধানে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে প্রবাসী কল্যাণ হেল্প রয়েছে সেখানে অভিযোগ করলে মানুষ উপকৃত হতে পারে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় নাশকতা মামলার পালাতক জামায়েতের ৪ সদস্য আটক

নাশকতা মামলার পালাতক জামায়াতের ৪ সদস্যকে আটক করেছে পুলিশ। রবিবার রাতে আলমডাঙ্গা উপজেলার ঘোলদাড়ি বাজার থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, আলমডাঙ্গা উপজেলার ভেদামারি গ্রামের মোফাজ্জেল মুন্সীর ছেলে জামায়াত নেতা ফাওজুল মুন্সী (৩৮), জাহাপুর গ্রামের ভাগ্যবান মল্লিকের ছেলে জামায়াত নেতা দুধ মল্লিক (৬০), নাগদাহ ইউনিয়ন জামায়েতের আমির জোড়গাছা গ্রামের মৃত আকবর আলীর ছেলে কাদের আলী (৪৯) ও একই গ্রামের মৃত তোফাজ্জেল মুন্সীর ছেলে

রেন্টু মুন্সী (৪৭)।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) সৈয়দ আশিকুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে জামায়েতের সদস্যরা ঘোলদাড়ি বাজারে গোপন বৈঠক করছে।

এসময় পুলিশ সেখানে অভিযান চালালে নাশকতার মামলায় পালাতক জামায়েতের ৪ সদস্য ধরা পড়ে।
ওসি আরো জানান, আটককৃতরা জামায়েতের সক্রিয় কর্মী। তাদের নামে নাশকতার মামলা রয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় অভিবাসন বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

সরকারের উন্নয়ন রূপরেখার মাধ্যমে নিরাপদ ও মানসম্মত অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে চুয়াডাঙ্গায় সেমিনার ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা পরিষদ আয়োজিত এ সেমিনারে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ওয়াশীমুল বারী। এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ^◌াস। বিশেষ অতিথি ছিলেন সহকারি কমিশনার (ভূমি) ইসরাত জাহান।

অনুষ্ঠানে মাল্টিমিডিয়ার মাধ্যমে অভিবাসন বিষয়ে তথ্য উপস্থাপন করেন চুয়াডাঙ্গা টিটিসির অধ্যক্ষ কে.এম মিজানুর রহমান।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: